

মৎস্য চাষীদের জন্য মোবাইল অ্যাপ

তথ্যপ্রযুক্তির ছোঁয়ায় মৎস্যসংশ্লিষ্ট সেবা আরও সহজ ও গতিশীল করতে উদ্ভাবন করা হয়েছে মোবাইল অ্যাপ ‘ড. ফিস’ বা মাছের ডাক্তার। আর এ অ্যাপটির উদ্ভাবক কালীগঞ্জ উপজেলা মৎস্য অফিসার মো. লতিফুর রহমান ও বাগেরহাট জেলার মোল্লারহাট উপজেলার সিনিয়র মৎস্য অফিসার রাজকুমার বিশ্বাস।

জানা গেছে, মৎস্যসেবা পরামর্শ সহজ করার লক্ষ্যে মোবাইল অ্যাপ ‘মাছের ডাক্তার’ তৈরি করা হয়েছে। এই অ্যাপটি ব্যবহারের মাধ্যমে রোগাক্রান্ত মাছ, পুকুরের পানির রং ও অবস্থার ছবি পাঠিয়ে মৎস্য অফিসারের সঙ্গে অডিও অথবা ভিডিও কলের মাধ্যমে তাৎক্ষণিক এ সংক্রান্ত পরামর্শ পেতে পারবেন মৎস্যচাষিরা। ফলে মৎস্যচাষিরা সঠিক সময়ে সঠিক সেবা পাবেন এবং আর্থিক ক্ষতির হাত থেকে রক্ষা পাবেন।

কালীগঞ্জ উপজেলা মৎস্য অফিসার এক জরিপে দেখা গেছে, উদ্ভাবক করা অ্যাপটি ব্যবহারের আগে একজন মৎস্যচাষিকে মৎস্য পরামর্শ সেবা পেতে ৫০ থেকে ৩০০ টাকা খরচ করে দিনে কয়েকবার যাতায়াত করতে হতো। অন্যদিকে অ্যাপটি ব্যবহারের ফলে নিজস্ব স্থান থেকে ১ থেকে ১০ টাকা খরচ করে মাত্র ৫/১০ মিনিটের মধ্যেই প্রত্যাশিত ফল পেতে শুরু করেছেন তারা। এ ছাড়াও সময় মতো সঠিক পরামর্শ প্রদানের ফলে মাছের মৃত্যু হ্রাস অর্থাৎ চাষির আর্থিক ক্ষতিও হ্রাস পাচ্ছে।

উপজেলার নাগরী এলাকার মৎস্যচাষি নাদিম মাহমুদ জানান, তিনি যখন প্রথম মাছ চাষ শুরু করেন, তখন বিভিন্ন সময় মাছ মারা যেত। কখন কি হয়েছে বা কেন মারা যেত তিনি তা বুঝতেন না। এখন ‘মাছের ডাক্তার’ মোবাইল অ্যাপটি ব্যবহারের মাধ্যমে সহজেই তিনি তার সমস্যা সমাধান করতে পারেন।

কালীগঞ্জ উপজেলা মৎস্য অফিসার ও ‘মাছের ডাক্তার’ অ্যাপটির উদ্ভাবক মো. লতিফুর রহমান বলেন, মূলত মৎস্য চাষীদের সঠিক পরামর্শ প্রদানের ফলে যাতে মাছের মৃত্যু অর্থাৎ চাষির আর্থিক ক্ষতি হ্রাস পায় সে লক্ষ্যে অ্যাপটি উদ্ভাবন করা হয়েছে।

উপজেলার নিবাহী অফিসার খন্দকার মু. মুশফিকুর রহমান বলেন, মৎস্যসংশ্লিষ্ট সেবা সহজ করতে মৎস্য কর্মকর্তার উদ্ভাবন করা ‘মাছের ডাক্তার’ মোবাইল অ্যাপটি অন্য মাত্রা যোগ ও গতি সঞ্চার করবে বলে আশা করা যায়।

উক্ত লিংকে অ্যাপটি পাওয়া যাবে- <https://play.google.com/store/apps/details?id=com.drfish.fmtechltd.drfish&hl=en>